



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, রংপুর
www.dnc.rangpurdiv.gov.bd

সভার কার্যবিবরণী ১১ মার্চ ২০২৬

সভাপতি	মোঃ মাসুদ হোসেন অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত)
সভার তারিখ	১১ মার্চ, ২০২৬
সভার সময়	সকাল: ১১:০০ ঘটিকা।
স্থান	ভার্চুয়াল (Whats App গ্রুপ)
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী সকল জেলা প্রধানগণকে স্বস্ত্র জেলার মামলা সংক্রান্ত তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভায় জেলার অফিস প্রধানগণ আলোচ্য বিষয়ে বিভিন্ন ক্ষেত্রে তাদের মতামত প্রদান করেন এবং স্ব স্ব জেলায় ফেব্রুয়ারি, ২০২৬ মাসের রুজুকৃত মামলা ও পেন্ডিং মামলাসমূহের পরিসংখ্যান উপস্থাপন করেন। রুজুকৃত মামলা ও পেন্ডিং মামলাসমূহের পর্যালোচনায় জেলা ভিত্তিক নিম্নবর্ণিত পরিসংখ্যান পাওয়া যায়:

মাস: ফেব্রুয়ারি, ২০২৬খ্রি। বিভাগ: রংপুর।

ক্রমিক	জেলা কার্যালয়ের নাম	রুজুকৃত মামলা	তদন্তাধীন মামলা			অভিযোগপত্র দাখিল	বিজ্ঞ আদালতে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা		বিজ্ঞ আদালতে বিচারাধীন মামলার সংখ্যা	মন্তব্য
			পূর্বের জেরসহ	পরিদর্শক	উপপরিদর্শক		সাজা	খালাস		
১	রংপুর	১২	৩৮	৮	৩০	১৫	৪	৬	২৫৫৮	
২	গাইবান্ধা	৯	১৯	১৩	৬	১৪	০	০	৯৪৯	
৩	কুড়িগ্রাম	১১	২৩	৬	১৭	১০	২	১	১১২৫	
৪	লালমনিরহাট	৫	৮	৪	৪	৩	০	০	৫৭৫	
৫	নীলফামারী	১২	১২	৭	৫	২০	৬	১	৬১৬	
৬	দিনাজপুর	১৩	১৩	৩	১০	১২	১	০	৯৩৭	
৭	ঠাকুরগাঁও	৪	৪	১	৩	৪	১	০	৪৯৮	
৮	পঞ্চগড়	৪	৪	১	৩	৫	০	৪	৩৪৮	
মোট		৭০	১২১	৪৩	৭৮	৮৩	১৪	১২	৭৬০৬	

২. বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং.	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩
১.	বর্তমানে বিজ্ঞ আদালতে তদন্তাধীন ও বিচারাধীন মামলার পর্যায় ভিত্তিক সঠিক পরিসংখ্যান হালনাগাদ রাখতে হবে। প্রতিমাসে জেলা কর্মকর্তাগণ এটি নিশ্চিত করবেন	১) উপপরিচালক/ সহকারী পরিচালক (সকল); ২) প্রসিকিউটর/ সহকারী প্রসিকিউটর (সকল); ৩) পরিদর্শক/ উপপরিদর্শক (সকল)।
২.	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক রুজুকৃত মামলাসমূহের তদন্ত, অভিযোগপত্র দাখিল ও নিষ্পত্তি সংক্রান্ত যাবতীয় বিষয়ে তদারকি ও পর্যালোচনা জেলা পর্যায়ের কর্মকর্তাগণকে করতে হবে যাতে মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করা যায়।	১) উপপরিচালক/ সহকারী পরিচালক (সকল); ২) প্রসিকিউটর/ সহকারী প্রসিকিউটর (সকল)।

৩.	মামলার ধার্যকৃত তারিখে দ্রুত নিষ্পত্তির সাথে সাক্ষ্য প্রদান করতে হবে। তবে, কোন কারণে সাক্ষ্য দিতে না পারলে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। বিজ্ঞ আদালতের সম্মতি সাপেক্ষে একই তারিখে একাধিক মামলার সাক্ষ্য প্রদানের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১) উপপরিচালক/ সহকারী পরিচালক (সকল); ২) প্রসিকিউটর/ সহকারী প্রসিকিউটর (সকল)।
৪.	প্রসিকিউশন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রত্যেক জেলায় কর্মরত প্রসিকিউটর / সহকারী প্রসিকিউটরদের সাথে জেলা কার্যালয়ে কর্মরত কর্মচারীদের মধ্য হতে অতিরিক্ত দায়িত্ব/ সংযুক্তি দেয়া যেতে পারে।	১) অতিরিক্ত পরিচালক, রংপুর; ২) উপপরিচালক/ সহকারী পরিচালক (সকল)।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১১-০৩-২০২৬

মোঃ মাসুদ হোসেন

অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত)

২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ

তারিখ: ১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৮.০২.৮৫৪৯.১৩৩.১৩৩.০৬.০০০১.২৬.১৭১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, অপারেশন্স অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
- ২। উপপরিচালক, অপারেশন্স অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
- ৩। উপ- পরিচালক, উপপরিচালক এর কার্যালয়, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কুড়িগ্রাম।
- ৪। উপপরিচালক, উপপরিচালক-এর কার্যালয়, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, দিনাজপুর।
- ৫। উপপরিচালক, উপপরিচালক-এর কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নীলফামারী।
- ৬। উপপরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রংপুর।
- ৭। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, লালমনিরহাট।
- ৮। সহকারী পরিচালক, উপপরিচালক-এর কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা।
- ৯। সহকারী পরিচালক, উপপরিচালক-এর কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পঞ্চগড় এবং
- ১০। সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঠাকুরগাঁও।




১১-০৩-২০২৬

মোঃ মাসুদ হোসেন

অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত)